দৈনিক বাংলা

তারিখ 08 APR 1990
পৃষ্ঠা 2 কলাম 2

# ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ রক্ষায় সকল সহযোগিতা দেয়া হবে : প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদেরকে ক্যাম্পাসে শিক্ষার উপযোগী পরিবেশ বজায় রাখার জন্য সরকারের সম্ভাব্য সব সহযোগিতার ব্যাপারে আবার আশ্বাস দিয়েছেন। খবর বাসস'র।

প্রেসিডেন্ট শনিবার ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ভাইস চ্যান্সেলরদের সঙ্গে তার মাসিক বৈঠকে আবার এই আশ্বাস দেন। তিনি বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান, ইউজিসি'র সদস্যগণ ও শিক্ষা সচিব এএনএম ইউসুফ এই বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকে জানানো হয় যে ইউজিসি অধ্যাদেশকে সময়োপযোগী করার কাজ প্রায় সম্পন্ন হওয়ার পথে। তা আরও পরীক্ষা-নিরীক্ষা ও অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানোহবে।

বৈঠকে আরও জানানো হয় যে বর্তমানে কুষ্টিয়ায় স্থানান্তর করা ইসলামী বিশ্ববিদ্যালয় এই বছরের ১৬ই মে আবার খুলবে।

প্রেসিডেন্ট এরশাদ বেসরকারী বিশ্ববিদ্যালয়কে অনুমোদন প্রদান সংক্রান্ত একটি নীতি-রূপ রেখা প্রণয়নে ইউজিসি'কে নির্দেশ দেন।

(৩-এর পৃঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট

প্রথম পৃঃ পর

তিনি নয়া শিক্ষা প্রতিষ্ঠানকে অনুমোদন প্রদানের ব্যাপারে একটি একাডেমিক রেজিষ্ট্রেশন এ্যাক্ট গ্রহণে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

গাজীপুরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের পূর্বের ক্যাম্পাস রক্ষায় অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশ দেওয়া হয়।